এদেরকে কোন জিনিষটি বিভক্ত করল। তার সুস্পষ্ট বিষয়গুলোর সময় নমনীয় থাকে আর অস্পষ্ট বিষয়সমূহের সময় ধ্বংস হয়।

আব্দুল্লাহ ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত: তিনি এক লোককে দেখলেন সে
যখন সিফাত সম্পর্কীয় একটি হাদীস শুনে তার প্রতি বিরক্ত হয়ে লাপিয়ে উঠেন। তখন তিনি বললেন, এদেরকে কোন জিনিষটি বিভক্ত করল। তার সুস্পষ্ট বিষয়গুলোর সময় নমনীয় থাকে আর অস্পষ্ট বিষয়সমূহের সময় ধ্বংস হয়। [সহীহ] [এটি ইবন আবী ‘আসেম বর্ণনা করেছেন। - এটি আব্দুর রায্যাক বর্ণনা করেছেন।]

সর্ব সাধারণ লোকদের থেকে যারা ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুর মজলিসে উপস্থিত হয়, তাদের কতকের ওপর তিনি ক্ষিপ্ত হন। তারা যখন সিফাতের হাদীসসমূহ শোনে ভয় পায় ও বিরক্ত হয়ে কেঁপে ওঠে। ফলে তারা রাসূলুল্লাহ থেকে বিশুদ্ধভাবে প্রমাণিত হাদীস এবং কুরআন থেকে তার অর্থ জানার পরও তার প্রতি তারা ঈমান আনেনি। অথচ তা সত্য কোন মু’মিন তাতে সন্দোহ পোষণ করতে পারে না। আর তাদের কতক তার এমন অর্থ করে যা আল্লাহর উদ্দেশ্য নয়, ফলে তারা এ কারণেই ধ্বংস হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/3376